

ঠাকুরগাঁও সরকারি কলেজ
ঠাকুরগাঁও।

বিজ্ঞপ্তি

তাং ১০/০২/২০১৮ খ্রি.

ঠাকুরগাঁও সরকারি কলেজের সকল শ্রেণীর নিয়মিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০১৮ -এর বাছাই ও চূড়ান্ত পর্ব আগামী ২৫/০২/২০১৮ তারিখ রবিবার, ২৬/০২/২০১৮ তারিখ সোমবার ও ২৭/০২/২০১৮ তারিখ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকা হতে কলেজ মাঠে অনুষ্ঠিত হবে। প্রত্যেক খেলোয়াড় ফিল্ড ইভেন্ট ও ট্র্যাক ইভেন্টসহ মোট ৩টি ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে। “যোগাযোগ দৌড়” ইভেন্টে সকলেই অংশগ্রহণ করতে পারবে। প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের আগামী ২০/০২/২০১৮ তারিখ দুপুর ২.০০ ঘটিকার মধ্যে ছাত্রদের শারীরিক শিক্ষা বিভাগে ও ছাত্রীদের ছাত্রী কমনরুমে রক্ষিত রেজিস্টারে নাম লিখে দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। প্রত্যেক খেলোয়াড়কে খেলোয়াড়ী পোষাক পরিধান করতে হবে এবং কলেজ পরিচিতি পত্র অবশ্যই সঙ্গে আনতে হবে। অন্যথায় প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

ইভেন্ট সমূহ :


ছাত্রদের জন্য

- ১০০ মিটার দৌড় (সকল শ্রেণীর জন্য)
- ২০০ মিটার দৌড় (স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীর জন্য)
- ৪০০ মিটার দৌড় (স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীর জন্য)
- ২০০ মিটার দৌড় (একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রদের জন্য)
- ৪০০ মিটার দৌড় (একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রদের জন্য)
- লৌহ গোলক নিক্ষেপ
- চাকতি নিক্ষেপ
- উচ্চ লম্ফ
- দীর্ঘ লম্ফ
- যোগাযোগ দৌড়।

ছাত্রীদের জন্য


- ৭৫ মিটার দৌড় (সকল শ্রেণীর জন্য)
- ১০০ মিটার দৌড় (স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীর জন্য)
- ২০০ মিটার দৌড় (স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীর জন্য)
- ১০০ মিটার দৌড় (একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রীদের জন্য)
- ২০০ মিটার দৌড় (একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রীদের জন্য)
- লৌহ গোলক নিক্ষেপ
- উচ্চ লম্ফ
- দীর্ঘ লম্ফ
- ভারসাম্য দৌড়
- যোগাযোগ দৌড়।

প্রতিস্বাক্ষর


(প্রফেসর ড. মোঃ গোলাম কিবরিয়া মন্ডল)

অধ্যক্ষ

ঠাকুরগাঁও সরকারি কলেজ
ঠাকুরগাঁও।


(মোঃ আব্দুল জলিল)

আহ্বায়ক

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা পরিচালনা কমিটি-২০১৮
ঠাকুরগাঁও সরকারি কলেজ